গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.২০.০০১.২২.৩০২

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৩৭৯/২০২২-এর গত ২৬/৭/২০২২খ্রি. তারিখের আদেশ স্টে ভেকেটকরণ।**

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম-এর অধ্যক্ষ কর্তৃক গত ২১.০৬.২০২২খ্রি. তারিখে স্মারক-সসিক/১৭১৩ এবং সসিক/১৭১৪ দুটি অফিস আদেশ করেন। অফিস আদেশে কলেজের ছাত্র-ছাত্রীদের সহ-শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কলেজের শিক্ষাবান্ধব পরিবেশ অক্ষুন্ন রাখা এবং শিক্ষার সাথে সম্পর্কিত বিষয়সমূহ পরিচালনায় সহযোগিতার জন্য সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম ছাত্র সংসদ সংবিধানের ১১ ও ১২ অনুচ্ছেদের (ঘ) ধারা মোতাবেক দিবা শাখায় ছাত্র-ছাত্রীদের নিয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য একটি এডহক কমিটি গঠন করা হয়। একই সাথে ০৮.১০.২০০৫ তারিখে গঠিত ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষের জন্য এতদসংক্রান্ত কমিটি বিলুপ্ত করা হয়। এ কমিটি অধ্যক্ষের নির্দেশে সহ-শিক্ষা কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্ট অধ্যাপকের অধীনে থেকে দায়িত্ব পালন করবে। তথ্যগত ত্রুটির কারণে কোন অনিয়মিত ছাত্র-ছাত্রী কমিটিতে অন্তর্ভূক্ত হলে এবং কারও বিরুদ্ধে আইন শৃঙ্খলা পরিপন্থী কোন কার্যক্রমের অভিযোগ প্রমাণিত হলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে মর্মে আদেশে উল্লেখ করা হয়েছে। উক্ত আদেশের বিরুদ্ধে ক্ষুদ্ধ হয়ে জনাব সাজ্জাদ হোসাইন মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৩৭৯/২০২২ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় সহ মোট ০৫ (পাঁচ) জন-কে বিবাদী করা হয়েছে। রীট পিটিশন নং- ৮৩৭৯/২০২২-এর শুনানি শেষে গত ২৬.০৭.২০২২ ইং তারিখে মহামান্য হাইকোর্ট এ মামলায় নিম্নোক্ত অন্তর্বর্তীকালীন আদেশ জারি করেন:

“Pending hearing of the Rule, let the operation of the impugned office order contained in স্মারক নং-সসিক/১৭১৩ and স্মারক নং-সসিক/১৭১৪ respectively dated 21.06.2022 issued under the signature of respondent 5 (Annexure-C & C1) be stayed for a period of 3 (three) months from date.”

The Petitioner is directed to put in requisites for service of notices upon the respondents in usual course and through registered post within 48 hours from date.

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টে বিভাগের রীট পিটিশন নং-৮৩৭৯/২০২২ মামলাটির আদেশ ষ্টে ভেকেট এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৯-২০২২
মো: আব্দুল জলিল মজুমদার


সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯
ফ্যাক্স: -
ইমেইল: -

জনাব তৌফিক আনোয়ার চৌধুরী, বিজ্ঞ আইনজীবী,
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, এপার্টমেন্ট নং- বি-৪, বাড়ী নং-৩,
রোড নং- ১৬/এ, গুলশান-১, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.২০.০০১.২২.৩০২/১(৭)

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৯-২০২২
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব